# ২০১৯ এন-করোনা ভাইরাস

# ও

# প্রতিরোধে করণীয়

# এক নজরে ঘটনাপুঞ্জ

- ৮ ডিসেম্বর ২০১৯: উহান শহর, হাবেই প্রদেশ চীনে অজানা কারণে নিউমোনিয়া রোগে কিছু ব্যক্তি আক্রান্ত
- ৩১ ডিসেম্বর ২০১৯: বিশ্ব স্বাস্থ্য সংস্থা (চীন অফিস)-কে জানানো হয়
- ৭ জানুয়ারি ২০২০: ২০১৯ এন-করোনা ভাইরাস সনাক্ত
- ১১-১২ জানুয়ারি ২০২০: উহান শহরের সী-ফুড মার্কেটের সাথে সম্পৃক্ততা সনাক্ত
- ১৩ জানুয়ারি ২০২০: চীনের বাইরে (থাইল্যান্ড) আক্রান্ত ব্যক্তির হদিস

# বর্তমান পরিস্থিতি

- চীনসহ কয়েকটি দেশে ছড়িয়ে পড়ছে করোনা ভাইরাস
- এ পর্যন্ত ১১টি দেশে এই ভাইরাসের সংক্রমণ পাওয়া গেছে
- ইতোমধ্যে

আক্রান্ত: প্রায় ২৭৯৮

মৃত: ৮০

# ২০১৯ এন-করোনা ভাইরাস

- অনেক প্রজাতির করোনা ভাইরাসের মধ্যে যে ৭টি মানুষের দেহে সংক্রমিত হতে পারে তার একটি ২০১৯ এন-করোনা ভাইরাস
- যেভাবে ছড়ায়:
  - ✓ এই ভাইরাস কোন একটি প্রাণী থেকে মানুষের দেহে ঢুকেছে
  - ✓ এখন মানুষ থেকে মানুষে সংক্রমণ হচ্ছে
- করোনা ভাইরাস মানুষের ফুসফুসে সংক্রমণ ঘটায় এবং
  - ✓ শ্বাসতন্ত্রের মাধ্যমে (হাঁচি/কাশি/কফ/থুথু) অথবা
  - ✓ আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসলে একজন থেকে আরেকজনে ছড়ায়

# লক্ষণসমূহ

- ভাইরাস শরীরে ঢোকার পর সংক্রমণের লক্ষণ দেখা দিতে প্রায় ২-১৪ দিন লাগে
- বেশির ভাগ ক্ষেত্রে প্রথম লক্ষণ জ্বর
- এছাড়া শুকনো কাশি/ গলা ব্যথা হতে পারে
- শ্বাসকষ্ট/ নিউমোনিয়া দেখা দিতে পারে
- অন্যান্য অসুস্থতা (ডায়াবেটিস/ উচ্চ রক্তচাপ/ শ্বাসকষ্ট/ হৃদরোগ/ কিডনী সমস্যা/ ক্যান্সার ইত্যাদি) থাকলে অরগ্যান ফেইলিওর বা দেহের বিভিন্ন প্রত্যঙ্গ বিকল হতে পারে

# প্রতিকার

- যেহেতু এই ভাইরাসটি নতুন, তাই এর কোন টিকা/ভ্যাকসিন এখনো নেই
- চিকিৎসা লক্ষণভিত্তিক

# প্রতিরোধে করণীয়

## ব্যক্তিগত সচেতনতা-

- ঘন ঘন সাবান ও পানি দিয়ে হাত ধুবেন (অন্তত ২০ সেকেন্ড যাবৎ)
- অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করবেন না
- ইতোমধ্যে আক্রান্ত এমন ব্যক্তিদের সংস্পর্শ এড়িয়ে চলুন
- কাশি শিষ্টাচার মেনে চলুন (হাঁচি/কাশির সময় বাহু/ টিস্যু/ কাপড় দিয়ে নাক-মুখ ঢেকে রাখুন)
- অসুস্থ পশু/পাখির সংস্পর্শ পরিহার করুন
- মাছ-মাংস ভালোভাবে রান্না করে খাবেন

## ব্যক্তিগত সচেতনতা-

- অসুস্থ হলে ঘরে থাকুন, বাইরে যাওয়া অত্যাবশ্যক হলে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করুন
- জরুরী প্রয়োজন ব্যতীত চীন ভ্রমণ করা থেকে বিরত থাকুন এবং প্রয়োজন ব্যতীত এ সময়ে বাংলাদেশ ভ্রমণে নিরুৎসাহিত করুন
- অত্যাবশ্যকীয় ভ্রমণে সাবধানতা অবলম্বন করুন

# সন্দেহভাজন রোগীর ক্ষেত্রে করণীয়

- অসুস্থ রোগীকে ঘরে থাকতে বলুন
- মারাত্মক অসুস্থ রোগীকে নিকটস্থ সদর হাসপাতালে যেতে বলুন
- রোগীকে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করতে বলুন
- রোগীর নাম, বয়স, যোগাযোগের জন্য পূর্ণ ঠিকানা ও মোবাইল নাম্বার সংরক্ষণ করুন এবং আইইডিসিআর এর

    করোনা কন্ট্রোল রুমে (০১৭০০-৭০৫৭৩৭) অথবা

    হটলাইন নাম্বারে (০১৯৩৭-১১০০১১, ০১৯৩৭-০০০০১১, ০১৯২৭-৭১১৭৮৪, ০১৯২৭-৭১১৭৮৫) যোগাযোগ করুন

স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

# স্বাস্থ্য তথ্য কার্ড

**নোভেল করোনা ভাইরাস (২০১৯-nCoV) সংক্রমণ সংক্রান্ত**

চীনসহ পৃথিবীর কয়েকটি দেশে বর্তমানে ২০১৯-**nCoV** (মার্স ও সার্স সমগোত্রীয় করোনা ভাইরাস) এর সংক্রমণ দেখা যাচ্ছে। আপনি যদি এসব দেশ ভ্রমণ করে থাকেন এবং ফিরে আসার ১৪ দিনের মধ্যে জ্বর (১০০° ফারেনহাইট/৩৮° সেন্টিগ্রেড এর বেশী), গলাব্যথা, কাশি ও শ্বাসকষ্ট দেখা দিলে আপনার দেহে ২০১৯-**nCoV** ভাইরাস সংক্রমণের সম্ভাবনা থাকতে পারে। সেক্ষেত্রে আপনি অতিসত্ত্বর সরকারী স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন।

প্রয়োজনে আইইডিসিআর-এর নিম্নোক্ত হটলাইন নম্বরে যোগাযোগ করুনঃ

01937110011
01937000011
01927711784
01927711785

DGHS,MOH&FW BANGLADESH

IEDCR

# ধন্যবাদ